

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

আইন-১ অধিশাখা

www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০২০.০০৪.০২.০০.০০২.২০০৯- ১৬৪৪

তারিখ : ৮/১/১৭


বিষয় : এটি মামলা নং-১৩০/২০০৯(পুরাতন), বাদী-জনাব মোঃ গোলাম মোস্তফা, উপজেলা প্রকৌশলী, পাটখাম, লালমনিরহাট-বনাম-বনাম সরকার ও অন্যান্য মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ।

জনাব মোঃ গোলাম মোস্তফা- উপজেলা প্রকৌশলী, ডিমলা, নীলফামারী জেলায় সর্ম্মত থাকাকালীন সময়ে ক্রটিপূর্ণ কাজ সংশোধন না করে চূড়ান্ত বিল ও জামানতের টাকা অগ্রিম পরিশোধের কারণে দায়িত্বহীনতা, কর্তব্য কাজে অবহেলা ও দুর্নীতির দায়ে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। আনীত অভিযোগের জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁকে চাকুরী হতে বরখাস্ত করা হয়। অতপর: তিনি প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকা এর আদালতে এটি মামলা নং-১৩০/২০০৯(পুরাতন) দায়ের করেন।

জনাব মোঃ গোলাম মোস্তফাকে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল তাঁর বরখাস্তাদেশ বে-আইনী, অবৈধ অকার্যকর ও এখতিয়ার বর্হিভূত মর্মে বিগত ২২/০৬/২০১৪ তারিখে রায় প্রদান করেন। উক্ত রায়ের বিরুদ্ধে এলজিইডি কর্তৃক প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে আপীল মামলা নং-১৫১/২০১৫ দায়ের করা হয়। প্রশাসনিক ট্রাইব্যুনাল-আপীল মামলাটি তামাদি দোষে বারিত মর্মে ২৩/০৮/২০১৫ তারিখে খারিজ করে দেন। অতপর: এলজিইডি কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে লীভ-টু-আপীল নং-২৭৭১/২০১৫ দায়ের করা হয়। আপীল বিভাগ কর্তৃক ২৮/০৭/২০১৬ তারিখে লীভ-টু-আপীল খারিজ করা হয়।

২। এমতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকার আদালতে দায়েরকৃত এ টি মামলা নং-১৩০/২০০৯, বিভাগীয় মামলা এবং আপীল মামলার কাগজপত্র পর্যালোচনা করে এ বিভাগের পক্ষে পরবর্তী আইনগত পদক্ষেপ গ্রহণের জন্য বিজ্ঞ বেসরকারী প্যানেল আইনজীবী জনাব স্বপন কুমার আইচকে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে-----ফর্দ।



(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫

জনাব স্বপন কুমার আইচ

বেসরকারি প্যানেল আইনজীবী

স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। বিজ্ঞ সলিসিটর,আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,সলিসিটর উইং,বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন,ঢাকা;
- ২। উপসচিব(উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ ;
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ;
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা ;
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ ;
- ৬। কম্পিউটার প্রোগ্রামার(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য) ।